# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answer with Explanation

1. (b) সম্প্রতি গুজরাটের কাচ্চি খারেক বা 'কচি খেজুর' জিআই ট্যাগ পেয়েছে। এটি গুজরাটের দ্বিতীয় (প্রথম কৃষিজ পণ্য হল গির কেশর ম্যাঙ্গো) কৃষিজ পণ্য হিসাবে জিআই ট্যাগ পেয়েছে। অ্যাচিভার্স

2. (c) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ১৯ জন সাহসী ছেলে-মেয়েকে ২০২৪ সালের প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কারে ভূষিত করেছেন, যাঁর মধ্যে ৯ জন ছেলে এবং ১০ জন মেয়ে রয়েছে। সাধারণত ৫-১৮ বছর বয়সি ছেলে-মেয়েদের সাহসী কার্যকলাপকে স্বীকৃতি জানানোর জন্য এই পুরস্কার প্রদান করা হয়।

3. (a) সম্প্রতি দলজিৎ সিং চৌধুরি সশস্ত্র সীমা বলের ডিরেক্টর জেনারেল হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী রেশমি শুক্লার স্থলাভিষিক্ত হয়েছেন। অ্যাচিভার্স

4. (c) সম্প্রতি প্রকাশিত 'Assam's Braveheart- Lachit Barphukan'- নামক গ্রন্থের রচয়িতা হলেন অরূপ কুমার দত্ত। এই গ্রন্থটি ভারতীয় সংবিধান স্বীকৃত ২২টি ভাষায় অনুদিত হয়েছে।

5. (d) সম্প্রতি কিউবা ডিজিটাল পাবলিক পরিকাঠামো পুনর্গঠনের জন্য ভারতের ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

6. (b) ২২ জানুয়ারি-৩ ফেব্রুয়ারি হিমাচল প্রদেশ রাজ্যে ভারত ও কিরঘিজস্তানের প্রতিরক্ষা বাহিনির মধ্যে যৌথ সামরিক মহড়া 'Khanjar-2024' আয়োজিত হয়ে গেল। অ্যাচিভার্স

7. (a) সম্প্রতি সারা দেশজুড়ে বাড়ির ছাদে সৌর বিদ্যুৎ উৎপাদনের প্যানেল বসানোর জন্য প্রধানমন্ত্রী সূর্যোদয় যোজনা চালু করা হয়েছে। এই যোজনার আওতায় সারা দেশজুড়ে ১ কোটি পরিবারকে বাড়ির ছাদের ওপর সৌরবিদ্যুৎ উৎপাদন পরিষেবা প্রদান করা হল।

8. (a) এয়ার ইন্ডিয়া সম্প্রতি ভারতের প্রথম এয়ার বাস 'A350-900'- মডেলের অনুকরণে 'AI 589'- নামক এয়ারক্র্যাফট চালু করেছে; যেটি কর্ণাটক থেকে মহারাষ্ট্রের মুম্বাই পর্যন্ত যাতায়াত করবে। অ্যাচিভার্স

9. (d) সম্প্রতি CoRover.ai নামক সংস্থা ভারতের প্রথম এআই নির্ভর 'ভারতজিপিটি' ল্যাঙ্গুয়েজ মডেল চালু করেছে।

10. (d) ২৩ জানুয়ারি সারা দেশজুড়ে পরাক্রম দিবস পালিত হয়ে গেল। ভারতের বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী সুভাষচন্দ্র বসুর জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিনটি পালন করা হয়ে থাকে।

11. (d) সম্প্রতি ওএনজিসি সম্পূর্ণ নিজেদের সহযোগী সংস্থা হিসাবে গ্রিন এনার্জি এবং গ্যাস ব্যবসা শুরু করার জন্য কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের কাছ থেকে অনুমোদন লাভ করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ওএনজিসি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি মহারত্ন সংস্থা।

12. (c) ১৭-২০ জানুয়ারি হরিয়ানার ফরিদাবাদে নবম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সায়েন্স ফেস্টিভ্যাল অনুষ্ঠিত হয়ে গেল, যার এবারের থিম হল 'Science and Technology Public Outreach in Amrit Kaal.'

13. (c) সম্প্রতি এসবিআই লাইফ ইন্সিয়োরেন্স নামক বিমা কোম্পানি গ্রাহকদের জন্য 'সরল সাধন সুপ্রিম' এবং 'স্মার্ট সাধন সুপ্রিম' নামক বিমা পরিষেবা চালু করেছে। অ্যাচিভার্স

14. (d) সম্প্রতি ক্যামেরুন প্রজাতন্ত্র বিশ্বের প্রথম দেশ হিসাবে তাদের সমগ্র টিকা কর্মসূচীতে 'ম্যালেরিয়া টিকা' প্রদানকে অন্তর্ভুক্ত করেছে।

15. (c) সম্প্রতি কুয়েতে অনুষ্ঠিত ২০২৪ সালের এশিয়ান শটগান চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতায় ভারত ৮টি মেডেল জয়লাভ করেছে, যার মধ্যে সোনা ১টি, রুপো ৩টি, ব্রোঞ্জ ৪টি।

16. (d) ২৪ জানুয়ারি সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ইন্টারন্যাশনাল ডে অফ এডুকেশন'- এর এবছরের থিম হল 'Learning for Lasting Peace. অ্যাচিভার্স

17. (d) ২৩ জানুয়ারি ভারত, সংযুক্ত আরব আমিরশাহি এবং ফ্রান্সের বায়ুসেনাবাহিনীর মধ্যে যৌথ বায়ুসেনা মহড়া 'Exercise Desert Knight' অনুষ্ঠিত হয়ে গেল। এই মহড়ায় ভারতের হয়ে IAF : Su30 MKI এবং MiG29 অংশগ্রহণ করেছিল।

18. (d) ভারতীয় সেনাবাহিনীর ডাগর ডিভিশন সম্প্রতি জম্মু ও কাশ্মীরের উরিতে অবস্থিত লাইন অফ কন্ট্রোলে 'ইন্ডিয়া সেলফি পয়েন্ট' চালু করেছে। অ্যাচিভার্স

19. (a) সম্প্রতি ভারতের সর্বশ্রেষ্ঠ অসামরিক 'ভারতরত্ন' সম্মানে ভূষিত হয়েছেন বিশিষ্ট রাজনীতিবিদ ও বিহারের ১১তম প্রাক্তন মুখ্যমন্ত্রী কপুরী ঠাকুর।

20. (b) ২৫ জানুয়ারি সারা দেশজুড়ে পালিত হওয়া 'ন্যাশনাল ভোটারর্স ডে'-র এবছরের থিম হল 'Nothing Like Voting, I Vote for Sure.'

21. (d) ২৫ জানুয়ারি সারা দেশজুড়ে পালিত হওয়া ন্যাশনাল ট্যুরিজম ডে'র এবছরের থিম হল 'Sustainable Journeys, Timeless Memories.' অ্যাচিভার্স

22. (d) সম্প্রতি কানাড়া এইচএসবিসি লাইফ ইন্সিয়োরেন্স নামক বিমা সংস্থা গ্রাহকদের জন্য 'iSelect Guaranteed Future Plus' স্কিম চালু করেছে। এই স্কিমের ৪টি ভিন্ন প্রকৃতির

প্ল্যান রয়েছে, যথা- এনডাওমেন্ট, রেগুলার ইনকাম, আর্লি ইনকাম এবং লংটার্ম ইনকাম।

23. (a) সম্প্রতি জোমাটো পেমেন্টস প্রাইভেট লিমিটেড কোম্পানি অনলাইন পেমেন্টস এগ্রিগেটর সিস্টেম চালু করার জন্য আরবিআই-এর কাছ থেকে ছাড়পত্র লাভ করেছে।

24. (c) সম্প্রতি ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ আইনজীবী অজিত মিশ্র ‘ফ্রিডম অফ দ্য সিটি অফ লন্ডন’ পুরস্কারে ভূষিত হয়েছেন। ভারত ও ব্রিটেনের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তাঁকে এই পুরস্কার প্রদান করা হয়েছিল।

> **বি-দ্রঃ-** এই প্রশ্নের সঠিক উত্তর অপশন (c) কিন্তু অ্যাচিভার্সে দেওয়া উত্তরপত্রে টেবিলে অপশন (d) করা হয়েছে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

25. (d) সম্প্রতি ইলেকট্রনিক সরঞ্জাম প্রস্তুতকারক সংস্থা 'VARNI'-এর বিপণনদূত হিসাবে নিযুক্ত হয়েছেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার রবীন্দ্র জাদেজা। VARNI সংস্থাটি ২০০৯ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

26. (c) সম্প্রতি ব্রিসবেন হিট দল ২০২৪ সালের অস্ট্রেলিয়ার বিগ বাস লীগে চ্যাম্পিয়ন হয়েছে। তারা সিডনি সিক্সার্স-কে পরাজিত করেছে।

27. (a) সম্প্রতি প্রয়াত কিংবদন্তী ফুটবলার লুইগি রিভা ইটালির ফুটবলার ছিলেন। তিনি মূলত সেন্টার ফরোয়ার্ড এবং স্ট্রাইকার হিসাবে খেলতেন। সমগ্র ফুটবল জীবনে দেশের হয়ে ৪২টি ম্যাচে ৩৫টি গোল করেছেন।

28. (a) 'A Promise Nation Honourable Shri Narendra Modi- the Maker of New India'-নামক গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

29. (d) ২৬ জানুয়ারি সারা বিশ্বজুড়ে ‘ইন্টারন্যাশনাল কাস্টমস ডে’ পালিত হল। যার এবারের থিম হল ‘Customs Engaging Traditional and New Partners with Purpose.’

30. (b) সম্প্রতি ওয়ার্ল্ড ব্যাঙ্ক ‘7-years USD 100 million Principal protected Plastic Waste Reduction-Linked Bond’ চালু করেছে।

31. (a) সম্প্রতি বিরাট কোহলি ২০২৩ সালের আইসিসি মেন’স ওয়ান ডে ইন্টারন্যাশনাল ক্রিকেটার অফ দ্য ইয়ার হিসাবে পুরস্কৃত হয়েছে।

32. (c) শেরিং তোবগে সম্প্রতি ভুটানের প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি পিপলস ডেমোক্রেটিক পার্টির দলনেতা। শেরিং তোবগে এই পদে পূর্ববর্তী পদাধিকারী লোটায় শেরিং-এর স্থলাভিষিক্ত হয়েছেন।

33. (b) সম্প্রতি প্রয়াত সুখবীর সিং গিল চণ্ডীগড়ের প্রথম হকি অলিম্পিয়ান ছিলেন। তিনি ২০০০ সালের সিডনি অলিম্পিকে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন।

34. (b) ২৮ জানুয়ারি সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড লেপ্রোসি ডে’ পালিত হল, যার এবছরের থিম হল ‘Beat Leprosy.’

35. (d) ২৮ জানুয়ারি ভারতীয় সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠার ৭৫তম তথা হীরক জয়ন্তী উপলক্ষ্যে নতুন কোর্ট বিল্ডিং গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার ৮০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

36. (b) ২৯ জানুয়ারি-১০ ফেব্রুয়ারি ভারতের রাজস্থানে ভারত ও সৌদি আরব সামরিক বাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া 'SADA TANSEEQ' আয়োজিত হল।

37. (a) আজালি আসৌমনি সম্প্রতি ইউনিয়ন অফ কমোরসের প্রেসিডেন্ট হিসাবে তৃতীয়বারের জন্য পুনর্নিযুক্ত হয়েছেন। তিনি ১৯৯৯ সালে রাষ্ট্রপতি হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

38. (c) সম্প্রতি অবসর নেওয়া ভারতীয় নৌযুদ্ধ জাহাজ আইএনএস নিরুপক সান্দ্যায়ক শ্রেণির অন্তর্ভুক্ত ছিল।

39. (c) ৩০ জানুয়ারি সারা বিশ্বজুড়ে World Neglected Tropical Diseases Day পালিত হল, যার এবছরের থিম হল ‘Unite. Act. Eliminate.’

40. (a) ২৬ জানুয়ারি সারা বিশ্বজুড়ে প্রথমবার ‘UN International Clean Energy Day’ পালিত হল,।

41. (d) সম্প্রতি কেন্দ্রীয় পরিবেশ, অরণ্য ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী ভারতে বর্তমানে মোট ৭১৮টি তুষার চিতা রয়েছে।

42. (d) সম্প্রতি প্রকাশিত ‘করাপশন পারসেপশন ইন্ডেক্স-২০২৩’ অনুযায়ী ভারত ৯৩ তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে ডেনমার্ক।

43. (b) সম্প্রতি ভারতের গেইল (ইন্ডিয়া) লিমিটেড আবুধাবি ন্যাশনাল অয়েল কোম্পানি থেকে লিক্যুইড নাচারাল গ্যাস (LNG) ক্রয় করার জন্য দীর্ঘমেয়াদি চুক্তি স্বাক্ষর করেছে।

44. (d) সম্প্রতি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু যাঁদেরকে ১৬তম অর্থ কমিশনের সদস্য হিসাবে নিযুক্ত করেছেন, তাঁরা হলেন– নিরঞ্জন রাজাধ্যক্ষ, অজয় নারায়ন ঝা এবং অ্যানি জর্জ ম্যাথিউ।

45. (c) সম্প্রতি অনিল কুমার লাহোটি ট্রাইয়ে’র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পি ডি বাঘেলার স্থলাভিষিক্ত হলেন।

46. (d) সুলতান ইব্রাহিম ইবনি আলমারহুম সুলতান ইস্কান্দার সম্প্রতি মালয়েশিয়ার রাজা হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে আল সুলতান আবদুল্লা ইবনি সুলতান আহমেদ শাহ’-র স্থলাভিষিক্ত হলেন।

47. (d) সম্প্রতি কেরলে এক ছোট প্রজাতির টিকটিকি--- ‘Agasthyagama edge' আবিষ্কৃত হয়েছে।

48. (b) সম্প্রতি মহারাষ্ট্র রাজ্য সরকার গ্রিন হাইড্রোজেন’-এর উন্নয়নে এনটিপিসি গ্রিন এনার্জি লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

49. (a) সম্প্রতি জয় শাহ এশিয়ান ক্রিকেট কাউন্সিলের প্রেসিডেন্ট হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি বর্তমানে ভারতের ক্রিকেট পরিচালন সংস্থা বিসিসিআই-এর সেক্রেটারি হিসাবেও নিযুক্ত আছেন। অ্যাচিভার্স

50. (b) সম্প্রতি ইলেকট্রনিক ডিভাইস প্রস্তুতকারক সংস্থা BoAt-এর বিপণনদূত হিসাবে নিযুক্ত হয়েছেন রণবীর সিং। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থা কর্তৃক আয়োজিত 'Lost in Nirvana' কর্মসূচীর প্রচারাভিযানে অংশগ্রহণ করবেন।

51. (a) সদ্য সমাপ্ত খেলো ইন্ডিয়া ইউথ গেমসে মহারাষ্ট্র সবচেয়ে বেশি (১৫৮টি) মেডেল জয়লাভ করেছে। তামিলনাড়ু ৯৮টি এবং হরিয়ানা ১০৩টি মেডেল জয়লাভ করে পদক তালিকায় যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে।

52. (b) ২ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ওয়েটল্যান্ড ডে' পালিত হল, যার এবছরের থিম হল 'Wetlands and Human Wellbeing.' অ্যাচিভার্স

53. (a) 'থানথাই পেরিয়ার ওয়াইল্ডলাইফ স্যাঙ্কচুয়ারি' সম্প্রতি তামিলনাড়ুর ১৮তম ওয়াইল্ডলাইফ স্যাঙ্কচুয়ারি হিসাবে স্বীকৃতি পেয়েছে?

54. (a) ভারতীয় নৌসেনা ২০২৪ সালকে 'Year of Naval Civilians' হিসাবে ঘোষণা করেছে।

55. (b) সম্প্রতি মোদী এন্টারপ্রাইজেস-এর চেয়ারপার্সন বীণা মোদী ২০২৩ সালের 'আউটস্ট্যান্ডিং বিজনেস ওম্যান অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছেন? অ্যাচিভার্স

56. (a) সম্প্রতি চম্পাই সোরেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী হেমন্ত সোরেনের স্থলাভিষিক্ত হলেন, যিনি সম্প্রতি জমি কেলেঙ্কারি মামলায় ইডির হাতে গ্রেফতার হয়েছেন।

57. (c) ভারতের প্রথম ওরাল কন্ট্রাসেফটিভ পিল 'সহেলি'র প্রস্তুতকারক হলেন নিত্য আনন্দ, যিনি সম্প্রতি প্রয়াত হয়েছেন। তিনি ২০১২ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

58. (b) রাধা রাতুরি সম্প্রতি উত্তরাখণ্ডের মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুখবীর সিং সাধুর স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

59. (a) সম্প্রতি নানগোলো এমবুম্বা নামিবিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন।

60. (b) ৪ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ডে অফ হিউম্যান ফ্যাটারনিটি' পালিত হল।

61. (d) সম্প্রতি ফেডারেল ব্যাঙ্ক গ্রাহকদের জন্য 'NCMC-integrated debit cards' চালু করেছে।

62. (d) সম্প্রতি বিশিষ্ট রাজনীতিবিদ তথা ভারতের প্রাক্তন ডেপুটি প্রধানমন্ত্রী লাল কৃষ্ণ আদবানী ভারতরত্ন পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

63. (b) সম্প্রতি ব্রাজিলের কিংবদন্তী ফুটবলার ভিনিসিয়াস জুনিয়র ইউনেস্কো'র শুভেচ্ছাদূত হিসাবে নিযুক্ত হয়েছেন।

64. (b) সম্প্রতি বিবেক কুমার গুপ্তা NHSRCL-এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজেন্দ্র প্রসাদের স্থলাভিষিক্ত হলেন।

65. (a) ডক্টর আহমেদ আওয়াদ বিন মুবারক ইয়েমেনের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডক্টর মঈন আব্দুলমালিক সঈদের স্থলাভিষিক্ত হলেন।

66. (b) সম্প্রতি দিল্লির ইন্দ্রপ্রস্থ ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি প্রতিষ্ঠানে 'Digital India Future LABS' চালু হয়েছে। অ্যাচিভার্স

67. (c) ভারত রাষ্ট্রসংঘের বার্ষিক বাজেটে সম্প্রতি ৩২.৮৯৫ মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করেছে।

68. (b) সম্প্রতি প্রদত্ত ৬৬তম গ্র্যামি পুরস্কারের 'অ্যালবাম অফ দ্য ইয়ার' বিভাগে টেলর সুইফট পুরষ্কৃত হয়েছেন।

69. (c) সম্প্রতি এইচ ভি আইয়ার টাটা এআইএ লাইফ ইন্সিয়োরেন্স -এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নবীন তাহিলানির স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

70. (b) সম্প্রতি এলআইসি মিউচ্যুয়াল ফান্ড অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেডের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন রবি কুমার ঝা। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার অ্যাসোসিয়েট ডিরেক্টর হিসাবে নিযুক্ত ছিলেন।

71. (d) ৬ ফেব্রুয়ারি 'ইন্টারন্যাশনাল ডে অফ জিরো টলারেন্স ফর ফিমেল জেনিটাল মিউটিলেশন' পালিত হল, যার এবছরের থিম হল 'Her Voice. Her Future.' অ্যাচিভার্স

72. (d) সম্প্রতি Juspay Technologies Pvt. Ltd., Decfin Tech Pvt. Ltd. এবং Zoho Payment Technologies Pvt. Ltd. ফিনটেক স্টার্টআপ/সফটওয়্যার সংস্থা পেমেন্ট এগ্রিগেটর হিসাবে কাজ করার জন্য আরবিআই-এর অনুমোদন লাভ করেছে।

73. (b) সম্প্রতি ওয়াইল্ড লাইফ ফটোগ্রাফার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে 'পিপলস চয়েস বিভাগে' পুরস্কৃত হলেন নিমা সারিখানি। লন্ডনের ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়াম কর্তৃপক্ষ কর্তৃক এই পুরস্কার দেওয়া হয়েছে। এবারে তাঁর তোলা 'Ice Bed' নামাঙ্কিত আলোক চিত্রের জন্য তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে। অ্যাচিভার্স

74. (a) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের সচিব হিসাবে অপূর্ব চন্দ্র নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব ছিলেন।

75. (b) ওলঝাস বেকটেনোভ কাজাখস্তানের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। তিনি এ যাবৎ নিযুক্ত কাজাখস্তানের প্রধানমন্ত্রীদের মধ্যে সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী।

76. (a) সম্প্রতি নরেন্দ্র কুমার যাদব ফিট ইন্ডিয়া মুভমেন্ট-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন।

77. (d) সম্প্রতি উত্তরাখণ্ড রাজ্য বিধানসভা ভারতের প্রথম ইউনিফর্ম সিভিল কোড বিল পাশ করেছে। অ্যাচিভার্স

78. (c) সম্প্রতি স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশন অফ ইন্ডিয়া কর্তৃক প্রদত্ত 'লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন পি টি ঊষা। প্রসঙ্গত উল্লেখ্য, তিনি বর্তমানে ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত আছেন।

79. (a) সম্প্রতি আন্তর্জাতিক বিচারালয়ের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন লেবাননের নওয়াফ সালেম। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী তথা ইউএসএ-র বিচারপতি জুয়ান ই দোনোঘুই -এর স্থলাভিষিক্ত হলেন।

80. (a) সম্প্রতি বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত মহিলাদের অনূর্ধ্ব-১৯ সাফ চ্যাম্পিয়নশিপে যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছে ভারত ও বাংলাদেশ। অ্যাচিভার্স

81. (b) সম্প্রতি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক প্রত্যন্ত গ্রামাঞ্চলে সিএসসি সেন্টারের মাধ্যমে APAAR (Automated Permanent Academic Account Registry) চালু করেছে। ২০২০ সালে গৃহীত জাতীয় শিক্ষানীতিতে 'ওয়ান নেশন, ওয়ান স্টুডেন্ট আইডি কার্ড'-এর আওতায় এই স্কিম চালু করা হয়েছে।

82. (d) আলেকজান্ডার স্টাব ফিনল্যান্ড-এর প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদে পূববর্তী পদাধিকারী সাওলি নিনিস্তো-র স্থলাভিষিক্ত হতে চলেছেন। অ্যাচিভার্স

83. (a) ১০ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড পালসেস ডে' পালিত হল, যার এবছরের থিম হল 'Pulses : Nourishing Soils and People.'

84. (a) ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক ১০ ফেব্রুয়ারি তাদের ৮৮তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করল। এই প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ব্যাঙ্কটি গ্রাহকদের জন্য IOB RuPay Classic, IOB RuPay Platinum এবং IOB RuPay Select নামক ক্রেডিট কার্ড চালু করেছে।

85. (d) এম এস স্বামীনাথন, চৌধুরি চরণ সিং এবং পি ভি নরসীমহা রাও ২০২৪ সালের ভারতরত্ন পুরস্কারে পুরস্কৃত হয়েছেন। চৌধুরি চরণ সিং ও পি ভি নরসীমহা রাও হলেন ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী এবং এম এস স্বামীনাথন হলেন ভারতের সবুজ বিপ্লবের জনক। অ্যাচিভার্স

86. (c) সম্প্রতি Google স্বল্প দৈর্ঘ্যের ভিডিও তৈরির জন্য আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স নির্ভর 'Lumiere' চালু করেছে।

87. (d) ১২ ফেব্রুয়ারি চার্লস রবার্ট ব্রাউনের জন্মবার্ষিকী উপলক্ষ্যে 'ইন্টারন্যাশনাল ডারউইন ডে' পালিত হল। তাঁর 'দ্য থিওরি অফ ইভোলিউশন বাই ন্যাচারাল সিলেকশন' নামক মতবাদের জন্য তিনি বিখ্যাত হয়ে আছেন।

88. (b) সম্প্রতি 'Grow Report and Portal' চালু করেছে NITI Aayog।

89. (a) ১৩ ফেব্রুয়ারি 'ওয়ার্ল্ড রেডিও ডে' পালিত হল। এই দিবসের থিম হল 'Radio : A century informing, entertaining and educating.' অ্যাচিভার্স

90. (d) সম্প্রতি অসম রাজ্য 'কাজীনেমু'-কে সে রাজ্যের রাজ্যফল হিসাবে ঘোষণা করেছে।

91. (b) সম্প্রতি ফেডারেল ব্যাঙ্ক গ্রাহকদের জন্য 'Stellar Savings Account' চালু করেছে। এই অ্যাকাউন্টধারীরা একটি পরিবেশ বান্ধব 'Stellar Debit Card' পাবেন, যেখানে কন্ট্যাক্টলেস মাস্টার কার্ড টেকনোলজি ব্যবহার করা হয়েছে।

92. (b) সম্প্রতি রিলায়্যান্স রিটেল ভেঞ্চার্স লিমিটেডের ডিরেক্টর ইশা আম্বানি 'লোকমত মহারাষ্ট্রীয়ান অফ দ্য ইয়ার-২০২৪' পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

93. (d) সম্প্রতি ICAI-এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন রজনীত কুমার আগরওয়াল। তিনি এই পদে পূববর্তী পদাধিকারী অনিকেত সুনীল তালাটি'-র স্থলাভিষিক্ত হলেন।

94. (b) রাষ্ট্রসংঘের কমিশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (CSocD62)-এর ৬২তম অধিবেশনে চেয়ারম্যানের পদ অলংকৃত করেছেন রুচিরা কাম্বোজ। তিনি ভারতের স্থায়ী প্রতিনিধি হিসাবে রাষ্ট্রসংঘে নিযুক্ত আছেন।

95. (d) ১৭ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে 'গ্লোবাল ট্যুরিজম রেজিলিয়েন্স ডে' পালিত হল।

96. (b) সম্প্রতি ওড়িশা রাজ্য সরকার 'স্বতন্ত্র যুব উদ্যমী স্কিম' চালু করেছে। এই স্কিমের আওতায় বেকার-যুবতীদের স্বনির্ভর হতে বিনা সুদে ঋণ প্রদান করা হবে। ১৮-৩৫ বছর বয়সিরা এর জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। অ্যাচিভার্স

97. (c) কর্ণাটক হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন এন ভি আঞ্জারিয়া। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পি এস দীনেশ কুমারের স্থলাভিষিক্ত হলেন।

98. (c) সম্প্রতি কর্ণাটক রাজ্য সরকার দুয়ারে 'আশা কিরণ আই কেয়ার স্কিম' চালু করেছে।

99. (d) সম্প্রতি বিশিষ্ট কবি ও সাহিত্যিক সম্পূরণ সিং কালরা এবং আধ্যাত্মিক ধর্মগুরু ও বিদগ্ধ পণ্ডিত জগদগুরু রামভদ্রাচার্য '৫৮তম জ্ঞানপীঠ পুরস্কারে' ভূষিত হলেন।

100. (c) আশীষ বিজয়াকর সম্প্রতি SBM Bank (India)-র এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে সিদ্ধার্থ রথের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

★★★